# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
সংস্থাপন শাখা
www.joypurhat.gov.bd

নম্বর: ০৫.৪৩.৩৮০০.০০৮.০৬.০২৬.২০-৩৯৭

তারিখ: ১৪ পৌষ ১৪২৮ / ২৯ ডিসেম্বর ২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ২১ নভেম্বর ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩৪.১৬-২৮০ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট এর অধীন নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত জয়পুরহাট জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০৩ (তিন)টি | ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা;<br>(গ) কম্পিউটার হার্ডওয়্যার সম্পর্কে বেসিক ধারণা;<br>(ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০ শব্দের গতিসম্পন্ন হতে হবে এবং<br>(ঙ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসম্পন্ন হতে হবে |
| ২। | হিসাব সহকারী | ০৫ (পাঁচ)টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা;<br>(গ) স্প্রেডসিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা; এবং<br>(ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতিসম্পন্ন হতে হবে |

### শর্তাবলী:

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও জয়পুরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
৩. জেলা প্রশাসক, জয়পুরহাট বরাবর আবেদন করতে হবে।
৪. বিভাগীয়/চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। বিভাগীয়/চাকরিরত প্রার্থীদের আবেদনের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
৫. **লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:**
ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)।
খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র।
গ) পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।
ঘ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি, তাদেরকে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের ১৮/১০/২০২০ খ্রি. তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নং পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) সংরক্ষিত/প্রকাশিত নিম্নবর্ণিত যেকোনো একটি প্রমাণক দাখিল করতে হবে। উক্ত প্রমাণকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম থাকতে হবে।

(ক) ভারতীয় তালিকা:
(১) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা; (২) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (পদ্মা); (৩) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (মেঘনা); (৪) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেক্টর); (৫) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেনা, নৌ ও বিমান বাহিনী);

অথবা

(খ) লাল মুক্তিবার্তা: (১) লাল মুক্তিবার্তা (চূড়ান্ত লাল বই); (২) লাল মুক্তিবার্তা স্মরণীয় যারা বরণীয় যারা;

অথবা

(গ) গেজেট:
(১) জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর সিদ্ধান্ত মোতাবেক বেসামরিক গেজেট; (২) প্রবাসে বিশ্ব জনমত গেজেট; (৩) বিসিএস ধারণাগত জ্যেষ্ঠতাপ্রাপ্ত কর্মকর্তা গেজেট; (৪) বিসিএস গেজেট; (৫) স্বাধীন বাংলা বেতার শব্দ সৈনিক গেজেট; (৬) বীরাঙ্গনা গেজেট; (৭) স্বাধীন বাংলা ফুটবল দল গেজেট; (৮) ন্যাপ কমিউনিষ্ট পার্টি ছাত্র ইউনিয়ন বিশেষ গেরিলা বাহিনী গেজেট; (৯) বিশ্রামগঞ্জ হাসপাতালে নিয়োজিত বা দায়িত্ব পালনকারী মুক্তিযোদ্ধা গেজেট; (১০) মুজিবনগর গেজেট;

অথবা

(ঘ) বাহিনী গেজেট:
(১) সেনাবাহিনী গেজেট; (২) নৌবাহিনী গেজেট; (৩) বিমানবাহিনী গেজেট; (৪) বিজিবি গেজেট; (৫) পুলিশ বাহিনী গেজেট; (৬) আনসার বাহিনী গেজেট; (৭) নৌ-কমান্ডো গেজেট;

অথবা

(ঙ) শহীদ গেজেট:
(১) শহীদ বেসামরিক গেজেট; (২) সশস্ত্র বাহিনী শহীদ গেজেট; (৩) শহীদ বিজিবি গেজেট; (৪) শহীদ পুলিশ গেজেট;

অথবা

(চ) খেতাবপ্রাপ্ত : (১) খেতাবপ্রাপ্ত গেজেট;

অথবা

(ছ) যুদ্ধাহত:
(১) যুদ্ধাহত গেজেট; (২) যুদ্ধাহত পঙ্গু (বর্ডারগার্ড বাংলাদেশ) গেজেট; (৩) যুদ্ধাহত (বর্ডারগার্ড বাংলাদেশ) গেজেট; (৪) যুদ্ধাহত সেনা গেজেট এর যেকোনো একটি প্রমাণকে মুক্তিযোদ্ধার নাম থাকতে হবে।

(চ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে:

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকা বা গেজেটে মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ | প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক (মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখ করতে হবে) | মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | ১। জন্মনিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ:<br>২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ:<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ:<br>৪। জন্মনিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখ: | |

ছ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক।
জ) শর্টহ্যান্ড (প্রযোজ্য ক্ষেত্রে) ও কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র।
ঝ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

৬. মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশপত্রে তার প্রতিস্বাক্ষর থাকবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশপত্রে কমপক্ষে ০১ (এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কোনো মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য সংবলিত ওয়ারিশপত্র গ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেয়া হবে।
৭. লিখিত এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১ (এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।
৮. প্রার্থীর বয়সসীমা ৩১/০১/২০২২ খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং ২৫/০৩/২০২০ তারিখে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা একই তারিখে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
৯. নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমাণক মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটায় নিয়োগের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ড/বিভাগীয় নির্বাচনি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ে উক্ত সনদ সঠিক বলে প্রমাণিত হতে হবে।
১০. নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টি.এ/ডি.এ দেয়া হবে না।
১১. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১২. আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।
১৩. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৪. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলীঃ

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dcjoypurhat.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন।
আবেদনের সময়সীমা নিম্নরূপ :
i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০২/০১/২০২২ সকাল ১০.০০টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩১/০১/২০২২ খ্রি. রাত ১১.৫৯টা।
iii. উক্ত সময়সীমার মধ্যে User Id প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে যেকোনো teletalk pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।
গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র জমাদানের পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
ঘ. প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।
ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ Online-এ আবেদনপত্র (application Form) যথাযথ ভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit হলে প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী রঙিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid মোবাইল নম্বর হতে ০২ (দুই)টি SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ১০০.০০ (একশত) টাকা ও Teletalk এর SMS সার্ভিস চার্জ বাবদ ১২.০০ (বারো) টাকা মোট ১১২ (একশত বারো) টাকা পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে জমা দেবেন। উল্লেখ্য, online-এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**নিয়মাবলীঃ**

প্রথম SMS: dcjoypurhat [space] User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : dcjoypurhat [space] ABCDEF send to 16222
Reply: Applicant's Name Tk. 112/- Will be Charged as application fee, Your PIN 12345678. To pay fee Type dcjoypurhat [space] YES [space] PIN and send to 16222.
দ্বিতীয় ঃ SMS: dcjoypurhat [space] YES [space] PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example : dcjoypurhat YES 12345678 send to 16222.
Reply: Congratulation Applicant's Name payment completed successfully for DCJOYPURHAT Application for xxxxxxxxxxxx USER ID is (ABCDEF) and password (xxxxxxxxxx).
দ্বিতীয় ঃ SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস-এ Password পাবেন।

চ. SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।
ছ. SMS এ প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙিন প্রিন্ট করে নেবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, লিখিত পরীক্ষার সময়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক এবং লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।
জ. Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সংরক্ষণ সচল রাখতে হবে। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
ঝ. প্রবেশপত্র প্রদানের বিষয়টি http://dcjoypurhat.teletalk.com.bd অথবা জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট এর www.joypurhat.gov.bd তথ্য বাতায়নে এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে জানানো হবে।
শুধু teletalk Pre-paid মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।
I. User ID জানা থাকলেঃ dcjoypurhat[space]Help[space]User[space]User ID send to 16222.
Example: dcjoypuraht Help User ABCDEF & send to 16222.
II. PIN জানা থাকলে ঃ dcjoypurhat[space]Help[space] PIN [space] PIN NO & send to 16222.
Example: dcjoypurhat Help PIN 12345678 & Send to 16222.
ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে, যেকোনো টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এছাড়াও vas.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(মোঃ শরীফুল ইসলাম)
জেলা প্রশাসক
জয়পুরহাট
ফোন : (+৮৮)০৫৭১-৬২২০৮
dcjoypurhat@mopa.gov.bd

পিসি-০১/২২ (১৫″×৮)